

SEIP (Tranche-III) শীর্ষক প্রকল্পের আওতায় Entrepreneurship Support Cell হিসেবে Innovation, Creativity & Entrepreneurship (ICE) সেন্টার এর সাথে Memorandum of Understanding (MOU) স্বাক্ষর অনুষ্ঠান।



অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের আওতাধীন SEIP Tranche-III প্রকল্পের আওতায় বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর অধীন প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বিভিন্ন তফসিলি ব্যাংকের মাধ্যমে দেশব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে উদ্যোক্তাগণকে প্রশিক্ষণ পরবর্তী ব্যবসায় উদ্যোগ সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদানের নিমিত্তে Entrepreneurship Support Cell(ESC) হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এনট্রিপ্রিনিউরশিপ (আইস-ICE) সেন্টার-কে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে নির্বাহী পরিচালক জনাব ড. মোঃ কবির আহাম্মদ এর সভাপতিত্বে গত ২২ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখে বাংলাদেশ ব্যাংক মূল ভবনস্থ কাজেমী সেন্টারে এতদ্বিষয়ে Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক জনাব মোঃ জাকের হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ আব্দুল মঈন। এছাড়া, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পরিচালক জনাব মোঃ আশিকুর রহমান, ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এনট্রিপ্রিনিউরশিপ (আইস-ICE) সেন্টার এর নির্বাহী পরিচালক জনাব মোঃ রাশেদুর রহমান, SEIP প্রকল্প বাস্তবায়ন ইউনিট, বাংলাদেশ ব্যাংক এবং ICE-এর কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন SEIP প্রকল্পের চীফ প্রজেক্ট কো-অর্ডিনেটর ও অতিরিক্ত পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম। SEIP প্রকল্পের অগ্রগতি তুলে ধরে তিনি বলেন, বাংলাদেশে বিরাজমান জনমিতিক সুবিধা অর্জন এবং বেকার জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এ প্রকল্প কার্যকর ভূমিকা পালন করছে।

অনুষ্ঠানের সভাপতি নির্বাহী পরিচালক জনাব ড. মোঃ কবির আহাম্মদ দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতের গুরুত্ব উল্লেখপূর্বক এ খাতে উদ্যোক্তাদের সম্ভাবনা ও সমস্যা নিয়ে আলোকপাত করেন। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত Inclusive growth এ সিএমএসএমই এর সংশ্লিষ্টতার কথাও তিনি উল্লেখ করেন। তিনি Entrepreneurship তৈরীর ক্ষেত্রে Schumpeterian view এর তথ্য তুলে ধরেন। এ ক্ষেত্রে information asymmetry এবং psychological barrier কে প্রধান অন্তরায় হিসেবে উল্লেখ করেন। নবীন উদ্যোক্তাদের এ সকল সমস্যা হ্রাস কল্পে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ICE সেন্টার অগ্রণী ভূমিকা রাখবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। নির্বাহী পরিচালক জনাব মোঃ জাকের হোসেন উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রোগ্রামটি উদ্যোক্তাদের জন্য একটি বাস্তব গাইডলাইন হিসেবে কাজ করছে মর্মে উল্লেখকরতঃ প্রশিক্ষণ পরবর্তী উদ্যোক্তাদের সকল প্রশ্ন ও সমস্যা সমাধানে Access to Information এর বিশাল হাব হিসেবে ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এনট্রিপ্রিনিউরশিপ (আইস-ICE) সেন্টার কাজ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ আব্দুল মঈন উদ্যোক্তা উন্নয়নে নতুন নতুন আইডিয়া, প্রশিক্ষণ পরবর্তী সাপোর্ট, একাডেমিক গবেষণাসহ উদ্যোক্তাদের সার্বিক সহযোগিতায় (আইস-ICE) সেন্টার অনন্য ভূমিকা পালন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পরিচালক জনাব মোঃ আশিকুর রহমান মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের কাতারে বাংলাদেশকে উন্নীত করার লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট কাজ করে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন এ খাতের উদ্যোক্তাদের সার্বিক উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের ৪৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল ইতিবাচক ভূমিকা রাখছে।

পরিশেষে, SEIP প্রকল্পের চীফ প্রজেক্ট কো-অর্ডিনেটর ও অতিরিক্ত পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম এবং ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এনট্রিপ্রিনিউরশিপ (আইস-ICE) সেন্টার এর নির্বাহী পরিচালক জনাব মোঃ রাশেদুর রহমান স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে MoU স্বাক্ষর করেন। অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেন যুগ্ম পরিচালক জনাব মুহাম্মদ জাহিদ ইকবাল।